




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৯.৯৯.০০১.২০.১০২

তারিখ: ২ ভাদ্র ১৪২৮

১৭ আগস্ট ২০২১

বিষয়ঃ মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত (মেধা ও সাধারণ কোটা এবং বিভিন্ন সম্প্রদায়ের উপবৃত্তি ও পেশামূলক বৃত্তি) বৃত্তিপ্ৰাপ্ত কিছু শিক্ষার্থীর MIS Software এ ভুল তথ্য এন্ট্রির কারণে বৃত্তির অর্থ না পাওয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০১৯- ২০২০ অর্থবছর হতে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমে শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে প্রেরণের জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় থেকে নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে ২০১৯- ২০২০ অর্থবছর হতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের SPFMSP প্রকল্পের MIS Software এর সহায়তায় বৃত্তির অর্থ শিক্ষার্থীর ব্যাংক হিসাবে প্রেরণ করা হচ্ছে। বৈশ্বিক অতিমারির কারণে ২০২০ সালের মার্চ মাস থেকে অদ্যাবধি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকা সত্ত্বেও প্রতিষ্ঠান প্রধানের সহযোগিতায় ২০১৯ -২০২০ অর্থ বছরে ১২৪২৪৮ জন শিক্ষার্থীকে ৩৫,২৯,৫২,৮৭০ টাকা এবং ২০২০-২০২১ অর্থ বছরে শিক্ষা প্রতিষ্ঠান হতে MIS সফটওয়্যারে সঠিকভাবে এন্ট্রিকৃত ৪,৮৮,৫৪৪ জন শিক্ষার্থীর ব্যাংক হিসাবে ২৩৮,০৮,২৫,০৪০ টাকা প্রেরণ করা হয়েছে। কিছু MIS Software এ এন্ট্রিকৃত বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের তথ্য যাচাই করে দেখা যায়, কিছু শিক্ষার্থীর Bank Account নম্বর, ব্যাংক ও শাখার নাম, রাউটিং নম্বর, বৃত্তির ধরণ, পাশের সন, অধ্যয়নরত শ্রেণি, পিতা/ মাতার NID নম্বর, একই শিক্ষার্থীর তথ্য একাধিকবার এন্ট্রি করা ইত্যাদি প্রকার ভুল তথ্য প্রতিষ্ঠান থেকে MIS Software এ এন্ট্রি হয়েছে। আবার কিছু শিক্ষার্থীর তথ্য সঠিক থাকলেও শিক্ষার্থীর ব্যাংক হিসাব Dormant/Active না থাকায় প্রেরিত টাকা Bounced back হয়েছে। এসব ভুল তথ্যের কারণে বৃত্তিপ্ৰাপ্ত কিছু শিক্ষার্থীর বৃত্তির অর্থ তাদের ব্যাংক হিসাবে প্রেরণ করা সম্ভব হয়নি। উল্লেখ্য, বর্তমানে মাউশি অধিদপ্তরের নিজস্ব MIS Software develop এর কাজ চলমান থাকায় রাজস্ব খাতভুক্ত বৃত্তিপ্ৰাপ্ত (মেধা ও সাধারণ কোটা এবং বিভিন্ন সম্প্রদায়/শ্রেণির উপবৃত্তি ও পেশামূলক বৃত্তি) শিক্ষার্থীদের নতুন তথ্য এন্ট্রি ও ভুল তথ্য সংশোধন সংক্রান্ত সকল কাজ সাময়িকভাবে বন্ধ আছে। বর্ণিতাবস্থায়, MIS Software-এর ডেভেলপমেন্ট কার্যক্রম শেষ হলে পুনরায় তথ্য এন্ট্রি ও ভুল সংশোধনের জন্য বিজ্ঞপ্তির মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে। যে সকল শিক্ষার্থী বৃত্তির টাকা পায়নি প্রতিষ্ঠান হতে ভুল তথ্য সংশোধন সাপেক্ষে পরবর্তীতে বিধি মোতাবেক তাদের ব্যাংক হিসাবে অর্থ প্রেরণ করা হবে।

১৭-৮-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক

মহাপরিচালক

বিতরণ :

১) সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (আওতাধীন